**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 28-01-2025**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) ত্রিপুরা সরকার এবং ডিজিটাল ইন্ডিয়া ভাষীনি ডিভিশনের মধ্যে আজ মৌ স্বাক্ষর হয় ।**

**(২) চেয়ারম্যান অরবিন্দ পানাগাড়িয়ার নেতৃত্বে কেন্দ্রীয় ষোড়শ অর্থ কমিশনের প্রতিনিধিদল আগামীকাল রাজ্য সফরে আসছেন।**

**(৩) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আজ বলেছেন যে ওড়িশা শীঘ্রই শিল্প বিকাশের প্রতীক হয়ে উঠবে ।**

**(৪) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীআজ উত্তরাখণ্ডে ৩৮তম জাতীয় গেমসের উদ্বোধন করেন ।**

*******************************************

**Mou Agreement :**

তথ্য প্রযুক্তি মন্ত্রী প্রনজিৎ সিংহ রায় বলেছেন রাজ্য সরকার এবং ডিজিটাল ইন্ডিয়া ভাষীনি ডিভিশনের মধ্যে মৌ স্বাক্ষরের ফলে ত্রিপুরা উত্তর – পূর্বাঞ্চলের মধ্যে প্রথম রাজ্য এবং দেশে অষ্টম রাজ্য হিসেবে ভাষীনি এপের সঙ্গে যুক্ত হলো। আজ আগরতলার প্রজ্ঞা ভবনে ত্রিপুরা সরকার এবং ডিজিটাল ইন্ডিয়া ভাষীনি ডিভিশনের মধ্যে মৌ স্বাক্ষর হয়। এরপর মন্ত্রী শ্রী সিংহ রায় ভাষীনি রাজ্যম শীর্ষক রাজ্যভিত্তিক কর্মশালার উদ্বোধন করেন। তিনি বলেন, এই মৌ স্বাক্ষর ডিজিটাল ইন্ডিয়ার সঙ্গে ডিজিটাল ত্রিপুরাকে যুক্ত করার অন্যতম মাধ্যম। ভাষীনি এপের মাধ্যমে দেশের অন্যান্য ২২টি ভাষার সঙ্গে রাজ্যের আঞ্চলিক ভাষাগুলিও

আজ থেকে যুক্ত হলো। এখন থেকে গ্রামীণ এলাকার জনগণও তাদের সমস্যার কথা এই এপের মাধ্যমে প্রকাশ করতে পারবেন। অনুষ্ঠানে বক্তব্য রাখেন তথ্য প্রযুক্তি দপ্তরের সচিব কিরণ গিত্যে, ডিজিটাল ইন্ডিয়া ভাষীনি ডিভিশনের চিফ এক্সিকিউটিভ অফিসার অমিতাভ নাগ, তথ্য প্রযুক্তি দপ্তরের অধিকর্তা জেয়া রাগুল গেশান বি প্রমুখ।

*****************************

**MBB College :**

পর্যটনমন্ত্রী সুশান্ত চৌধুরী বলেছেন স্বচ্ছ নিয়োগ নীতির মাধ্যমে রাজ্যে সরকারি চাকরিতে নিয়োগ করা হচ্ছে। আজ আগরতলায় এম বি বি কলেজে নবীনবরণ অনুষ্ঠানে তিনি একথা বলেন। তিনি ছাত্রছাত্রীদের শৃঙ্খলাবোধ, শিষ্টাচার, নিয়মানুবর্তিতা মেনে সুশীল নাগরিক হিসেবে নিজেকে গড়ে তোলার পরামর্শ দেন। অনুষ্ঠানে বক্তব্য রাখেন সাংসদ রাজীব ভট্টাচার্য, আগরতলা পুর নিগমের মেয়র তথা বিধায়ক দীপক মজুমদার।

***************************

**CM-Dental College :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আজ আগরতলা সরকারি ডেন্টাল কলেজের বিভিন্ন বিভাগ পরিদর্শন করেন। পরিদর্শনকালে তিনি এই কলেজের পরিকাঠামো নিয়ে স্বাস্থ্য দপ্তরের পদস্থ আধিকারিকদের সঙ্গে আলোচনা করেন।

****************************

**Finance Commission :**

চেয়ারম্যান অরবিন্দ পানাগাড়িয়ার নেতৃত্বে কেন্দ্রীয় ষোড়শ অর্থ কমিশনের প্রতিনিধিদল আগামীকাল রাজ্য সফরে আসছেন। রাজ্য সরকারের এক আধিকারিক জানান, তিনদিনের সফরকালে অর্থ কমিশনের প্রতিনিধিদল রাজ্য সরকারের বিভিন্ন দপ্তরের উচ্চ

পদস্থ আধিকারিকদের সঙ্গে বৈঠক করবেন। উল্লেখ্য, অর্থ কমিশনের সুপারিশের ভিত্তিতেই পরবর্তী পাঁচ বছরের জন্য বিভিন্ন খাতে অর্থ বরাদ্দ নির্ধারিত হবে।

****************************

**PMKSY :**

বিদ্যুৎমন্ত্রী রতনলাল নাথ আজ হেজামারা আরডি ব্লকের পূর্ব নোয়াগাঁও বড়কাঠাল ও পশ্চিম চাঁদপুর এডিসি ভিলেজে পিএমকেএসওয়াই দ্বিতীয় পর্বের অধীনে ওয়াটার সেভ কম্পোনেন্ট কর্মসূচির উদ্বোধন করেন। মন্ত্রী শ্রী নাথ বলেন এই প্রকল্পে জল সংরক্ষণ, ভূমির ক্ষয় রোধ ইত্যাদি ক্ষেত্রে অগ্রাধিকার দিয়ে কাজ করা হয়। আজকের অনুষ্ঠানে ৩৬টি স্ব-সহায়ক দলকে ৫০ হাজার টাকা করে আর্থিক সহায়তা দেওয়া হয়।

******************************

**CBC-Awareness :**

তথ্য ও সম্প্রচার মন্ত্রকের অধীন সেন্ট্রাল বুরো অফ কমিউনিকেশনের উদ্যোগে আজ পশ্চিম জেলার বামুটিয়া ব্লকের লক্ষীলুঙ্গা গ্রাম পঞ্চায়েতের অধীন দুর্গাবাড়ি চা বাগানে বিশেষ সচেতনতামূলক কর্মসূচির আয়োজন করা হয়। পরিবেশ, স্বচ্ছতা ও পরিচ্ছন্নতা রক্ষায় সামাজিক দায়িত্ববোধ সম্পর্কে এই সচেতনামূলক অনুষ্ঠানে "স্বচ্ছতা অভিযান", "এক পেড় মা কে নাম", "নেশামুক্ত ভারত অভিযান" এই তিনটি বিষয়ে বিভিন্ন অনুষ্ঠান হয়। "এক পেড় মা কে নাম" কর্মসূচিতে চা বাগানের কার্যালয় চত্বরে বিভিন্ন গাছের চারা রোপণ করেন প্রাক্তন বিধায়ক কৃষ্ণধন দাস, প্রজাপিতা ব্রহ্মা কুমারী ভগিনীরা এবং সিবিসি-র আধিকারিক ও কর্মীরা।

দুর্গাবাড়ি চা বাগানের বীরসা মুন্ডা কমিউনিটি হলে। মূল অনুষ্ঠানের প্রধান অতিথি প্রাক্তন বিধায়ক কৃষ্ণধন দাস বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর আহবানে এবং দক্ষ নেতৃত্বের মাধ্যমে

স্বচ্ছতা অভিযান সারা দেশে প্রতিটি পরিবারের কাছে অনুশীলনের বিষয় হয়ে উঠেছে এবং এরই মাধ্যমে এই পরিচ্ছন্নতার অভ্যাস আজ সারা দেশে জন আন্দোলনের রূপ নিয়েছে। অনুষ্ঠানে নেশার বিরুদ্ধে সহজে লড়াই করার উপায়গুলো নিয়েও বক্তারা আলোচনা করেন। স্বচ্ছতা অভিযান কিভাবে দেশের গ্রামীণ পরিবারের স্বাস্থ্য ও অর্থনীতিতে ইতিবাচক প্রভাব বয়ে এনেছে এসম্পর্কে বিভিন্ন সমীক্ষার উল্লেখ আলোচনা করেন সিবিসি-র উপ-অধিকর্তা শুভাশিস চন্দ। আলোচনা করেন ব্লকের ওয়েলফেয়ার সুপারভাইসার সুজিত পাল, কোঅপারেশন দফতরের আধিকারিক হারাধন দাস। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন দূরদর্শন কেন্দ্রের সহকারী অধিকর্তা কুনাল সিন্ধে, সিবিসি-র ক্ষেত্রপ্রচার আধিকারিক এইচ. কে. চাঙ, দুর্গাবাড়ী টি এস্টেট কোঅপারেটিভ সোসাইটির-র ম্যানেজার আশিস অধিকারী প্রমুখ। অনুষ্ঠানে উন্মুক্ত ক্যুইজ প্রতিযোগিতার আয়োজন করা হয়।

*****************************

**Anti Drug Campaign :**

শিক্ষা প্রতিষ্ঠানগুলিকে তামাকমুক্ত রাখার বিষয় নিয়ে আজ আগরতলায় শিক্ষাভবনে এক কর্মশালার অনুষ্ঠিত হয়। বিদ্যালয় শিক্ষা দপ্তর ও ভলান্টারি হেলথ অ্যাসোসিয়েশন অফ ত্রিপুরা আয়োজিত এই কর্মশালায় বক্তব্য রাখেন শিক্ষা দপ্তরের অধিকর্তা এন সি শর্মা, ভলান্টারি হেলথ অ্যাসোসিয়েশনের সভানেত্রী শ্রীলেখা রায়, শিক্ষা দপ্তরের ও.এস.ডি মোহাম্মদ সেলিম প্রমুখ। তারা শিক্ষা প্রতিষ্ঠানগুলি তামাকমুক্ত রাখার পদ্ধতি সম্পর্কে শিক্ষক শিক্ষিকাদের বিস্তারিত অবহিত করেন।

*****************************

**Assembly of Journalist :**

অ্যাসেম্বলি অফ জার্নালিস্ট এর উদ্যোগে আজ আগরতলা প্রেসক্লাবে 'বর্তমান প্রেক্ষাপটে সাংবাদিকতা" শীর্ষক আলোচনা

সভার আয়োজন করা হয়। আলোচনা সভায় বক্তব্য রাখেন বরিষ্ঠ সাংবাদিক শেখর দত্ত, শানিত দেবরায়, প্রণব সরকার, জয়ন্ত দেবনাথ। রাজ্যের বিভিন্ন সংবাদপত্র, বৈদ্যুতিন চ্যানেল এবং ওয়েব মিডিয়ার সাংবাদিকরা এই আলোচনা সভায় অংশ গ্রহণ করেন।

*****************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

****************************

**PM, Odissa :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আজ বলেছেন যে ওড়িশা শীঘ্রই শিল্প বিকাশের প্রতীক হয়ে উঠবে যা কেউ কল্পনাও করেনি। প্রধানমন্ত্রী বলেছেন ওড়িশা হল নতুন আকাঙ্খা, সুযোগ এবং আশার স্থান যা সমস্ত বিনিয়োগকারী এবং শিল্পপতিদের সাফল্যের শিখরে পৌঁছানোর জন্য নেতৃত্ব দেবে। আজ সকালে ভুবনেশ্বরের জনতা ময়দানে 'উৎকর্ষ্ ওড়িশা, মেক ইন ওড়িশা কনক্লেভ-২০২৫'-

এর উদ্বোধন করে প্রধানমন্ত্রী বলেন, ওড়িশাকে তিনি সবসময়ই অগ্রাধিকার দেন এবং দেশের প্রধানমন্ত্রী হওয়ার পর তিনি প্রায় ৩০ বার ওড়িশা সফর করেছেন। তিনি বলেন, ভারতকে বিশ্বের তৃতীয় বৃহত্তম অর্থনীতিতে পরিণত করতে ওড়িশার ভূমিকা অত্যন্ত তাৎপর্যপূর্ণ। প্রধানমন্ত্রী ওড়িশায় এমএসএমই, যুবাদের স্টার্টআপ এবং গবেষণা ও উদ্ভাবনী কার্যক্রমকে সমর্থন করার জন্য বিনিয়োগকারী ও শিল্পপতিদের আহ্বান জানান।

উদ্বোধনী অনুষ্ঠানে ওড়িশার মুখ্যমন্ত্রী মোহন চরণ মাঝি, কেন্দ্রীয় মন্ত্রী ধর্মেন্দ্র প্রধান, অশ্বিনী বৈষ্ণো এবং অন্যান্য বিশিষ্ট ব্যক্তিরা উপস্থিত ছিলেন। উল্লেখ্য, এই কনক্লেভের মাধ্যমে ওড়িশা ৫লক্ষ কোটি টাকার বেশি বিনিয়োগ আকর্ষণ করবে বলে আশা করা হচ্ছে। এছাড়াও দুই দিন-ব্যাপী কনক্লেভের পরে সাড়ে তিন লক্ষ কর্মসংস্থান সৃষ্টির অনুমান করা হয়েছে। কনক্লেভে ওডিশা রাজ্য সরকার এবং বিনিয়োগকারীদের মধ্যে প্রায় ১০০টি সমঝোতা পত্র স্বাক্ষরিত হওয়ার সম্ভাবনা রয়েছে।

***************************

**Lala Lajpat Rai :**

কিংবদন্তী স্বাধীনতা সংগ্রামী লালা লাজপত রায়ের আজ ১৬০তম জন্মবার্ষিকী। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী পাঞ্জাব কেশরী লালা লাজপত রায়কে তাঁর জন্মবার্ষিকীতে শ্রদ্ধা জানিয়েছেন। সামাজিক মাধ্যমে এক বার্তায় তিনি বলেন স্বাধীনতা আন্দোলনের এই মহান নেতা বিদেশি শাসনের বিরুদ্ধে লড়াই করতে গিয়ে জীবন উৎসর্গ করেন। মাতৃভূমির প্রতি তাঁর উৎসর্গ ও সেবা সর্বদা শ্রদ্ধার সঙ্গে স্মরণ করা হবে।

লোকসভার অধ্যক্ষ ওম বিড়লা আজ সম্বিধান সদনের সেন্ট্রাল হলে 'পাঞ্জাব কেশরী' লালা লাজপত রায়ের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করে তাঁকে শ্রদ্ধা জানান।

রাজ্যসভার বিরোধী দলনেতা মল্লিকার্জুন খাড়গে, রাজ্যসভার ডেপুটি চেয়ারম্যান শ্রী হরিবংশ, সংসদ সদস্য সহ অন্যান্য বিশিষ্ট ব্যক্তিরাও এই অনুষ্ঠানে পুষ্পস্তবক অর্পণ করে লালা লাজপত রায়কে শ্রদ্ধা নিবেদন করেন।

*******************************

**Career Exibition-Dhalai :**

ধলাই জেলা কর্ম বিনিয়োগ দপ্তরের উদ্যোগে এবং জেলা শিক্ষা দপ্তরের সহযোগিতায় আজ আমবাসা টাউনহলে স্পেশাল ক্যারিয়ার এক্সিবিশন অনুষ্ঠিত হয়। উদ্বোধন করেন জেলাশাসক সাজু ওয়াহিদ এ। বিদ্যালয়ে এবং কলেজ স্তরে পঠন পাঠনের পর শুধু সরকারি চাকরি নয় অন্যান্য পেশায় ছেলেমেয়েরা নিজেদের কিভাবে প্রতিষ্ঠিত করতে পারবে, কিভাবে স্বাবলম্বী হতে পারবে সে বিষয়ে এই অনুষ্ঠানে ছাত্র-ছাত্রীদের অবগত করা হয়।

*******************************

**CIVIC Action Programme :**

বি.এস.এফ-এর ১০৯ নম্বর ব্যাটেলিয়ানের উদ্যোগে আজ দক্ষিন জেলার ঋষ্যমুখ ব্লকের বলাইটিলা সীমান্ত চৌকিতে এক নাগরিক কর্মসূচির আয়োজন করা হয়। এই কর্মসূচিতে ঋষ্যমুখ দ্বাদশ স্কুল, দেবীপুর হাইস্কুল ও হরিপুর এসবি স্কুলের ছাত্রছাত্রীদের স্কুল ব্যাগ, বাইসাইকেল প্রদান করা হয়। তাছাড়া স্থানীয় বিভিন্ন গ্রাম পঞ্চায়েতের জনগণকে জলের ড্রাম, জলের ফিল্টার, ছাতা, কৃষি যন্ত্রপাতি সহ নানা সামগ্রী প্রদান করা হয়। উপস্থিত ছিলেন বিএসএফের উদয়পুর সেক্টরের ডিআইজি অনিল শর্মা, ১০৯ নম্বর ব্যাটেলিয়ানের কমান্ডেন্ট সুরেশ সিং, ডেপুটি কমান্ডেন্ট ডিএস রাউত প্রমুখ। আজকের এই কর্মসূচিতে ১ লক্ষ ৮৪ হাজার টাকার বিভিন্ন সামগ্রী প্রদান করা হয়।

**************************

**Food Department-Sonamura :**

খাদ্য সামগ্রীর গুণমান যাচাই ও প্লাস্টিক ক্যারিব্যাগের বিরুদ্ধে আজ সোনামুড়া বাজারে যৌথভাবে অভিযান চালায় মহকুমা প্রশাসন ও খাদ্য দপ্তরের একটি টিম। অভিযানে নেতৃত্ব দেন ডি.সি.এম সুনীত মুড়াসিং।

****************************

**National Games :**

দেবভূমি উত্তরাখণ্ডে আজ সন্ধ্যায় এক বর্ণাঢ্য অনুষ্ঠানের মধ্য দিয়ে ৩৮তম জাতীয় গেমসের উদ্বোধন হয়। দেরাদুনের রাজীব গান্ধী আন্তর্জাতিক ক্রিকেট স্টেডিয়ামে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ১৮ দিন ব্যাপী গেমসের সূচনা করেন। উদ্বোধনী অনুষ্ঠানে উত্তরাখণ্ডের মুখ্যমন্ত্রী পুষ্করসিং ধামি সহ কেন্দ্রীয় ক্রীড়া রাষ্ট্রমন্ত্রী রক্ষা খাডসে, রাজ্যপাল লেফটেনেন্ট জেনারেল গুরমিত সিং, উত্তরাখণ্ডের ক্রীড়া মন্ত্রী রেখা আরিয়া ও বিশিষ্ট জনেরা উপস্থিত ছিলেন। মোট ৩৮টি রাজ্য, কেন্দ্র শাসিত অঞ্চল ও ইউনিটের ১০ হাজারের উপর এথলেট এই আসরে অংশ নিচ্ছে। দলগুলি মার্চ পাস্টে অংশ নেয়। মোট ৩২টি বিভিন্ন ইভেন্টে আসরে ৪৫০টি স্বর্ণ পদকের লড়াই হবে। আগামী ১৪ ফেব্রুয়ারি পর্যন্ত এই আসর চলবে। উত্তরাখণ্ড রাজ্যের রজত জয়ন্তী বর্ষে প্রথম বারের মত জাতীয় গেমসের আয়োজন এবার হচ্ছে। এই আসরকে 'গ্রীন গেম' হিসেবে তুলে ধরার জন্য আয়োজক উত্তরাখন্ড সরকার উদ্যোগ নিয়েছে।

**********************

**Kajal Smriti :**

টিএফএ পরিচালিত কাজল স্মৃতি ফুটবলের দুটি খেলায় আজ টি আই এস এফ এবং অরবিন্দ ক্লাব জয়লাভ করেছে। উমাকান্ত মিনি স্টেডিয়ামে অনুষ্ঠিত প্রথম খেলায় টি আই এস এফ ৩-০ গোলে ডা: বি আর আম্বেদকর কোচিং সেন্টারকে এবং দ্বিতীয় ম্যাচে অরবিন্দ ক্লাব ১-০ গোলে সুখময় স্কুলকে পরাজিত করে।

*********************************

**Under 15 Cricket :**

ত্রিপুরা ক্রিকেট এসোসিয়েশন পরিচালিত সদরের অনূর্ধ্ব ১৫ বছরের ক্রিকেট প্রতিযোগিতায় আজ তিনটি খেলা হয়। নরসিংগড়ের পঞ্চায়েত মাঠে এডি নগর কোচিং সেন্টার ১৬৮ রানে তরুন সংঘ কোচিং সেন্টারকে, নেপকো মাঠে জিবি কোচিং সেন্টার ৩৬৫ রানে পোলস্টার ক্লাবকে এবং তালতলা মাঠ ক্রিকেট অনুরাগী কোচিং সেন্টার ১৩৯ রানে শতদল সংঘ কোচিং সেন্টারকে পরাজিত করে।

****************************

**Weather :**

আগামীকাল আকাশ পরিষ্কার থাকবে। সকালে কুয়াশা পড়বে। আগামীকাল তাপমাত্রা সর্বোচ্চ ২৬ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৩ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকবে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ২৬.৪ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৩.৮ ডিগ্রি সেলসিয়াস।

******************************